

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৬৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৬. গ্রামাঞ্চলে জুমু'আহর সালাত আদায়

باب الْجُمْعَةِ فِي الْقُرَى

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ مُحَمَّدِ بْنِ أَبِيهِ بَعْدَ أُمِيهِ بَعْدَ أُمَامَةَ بْنِ سَهْل، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ كَعْبِ بْنِ مَالِك، _ وَكَانَ قَائِدَ أَبِيهِ بَعْدَ مَا ذَهَبَ بَصَرُهُ عَنْ أَبِيهِ، كَعْبِ بْنِ مَالِك أَنَّهُ كَانَ إِذَا سَمِعَ النِّدَاءَ، يَوْمَ الْجُمُعَةِ تَرَحَّمَ مَا ذَهَبَ بَصَرُهُ عَنْ أَبِيهِ، كَعْبِ بْنِ مَالِك أَنَّهُ كَانَ إِذَا سَمِعَ النِّدَاءَ، يَوْمَ الْجُمُعَةِ تَرَحَّمَ لَا لَا الله عَدَ بْنِ زُرَارَةَ قَالَ لأَنَّهُ أَوَّلُ لأَسْعَدَ بْنِ زُرَارَةَ قَالَ لأَنَّهُ أَوَّلُ مَنْ جَمَّعَ بِنَا فِي هَرْمِ النَّبِيتِ مِنْ حَرَّةِ بَنِي بَيَاضَةَ فِي نَقِيعٍ يُقَالُ لَهُ نَقِيعُ الْخَضِمَاتِ . قَلْتُ كَمْ أَنْتُمْ يَوْمَئِذِ قَالَ أَرْبَعُونَ .

_ حسن

বাংলা

১০৬৯। 'আবদুর রহমান ইবনু কা'ব হতে তার পিতা কা'ব ইবনু মালিক (রাঃ) এর সুত্রে বর্ণিত। তিনি অন্ধ হওয়ার পর 'আবদুর রহমান হয়েছিলেন তার পরিচালক। তিনি (কা'ব ইবনু মালিক) যখনই জুমু'আহর দিন জুমু'আহর সালাতের আযান শুনতেন তখন আস'আদ ইবনু যুরারাহ (রাঃ) এর জন্য দু'আ করতেন। 'আবদুর রহমান ইবনু কা'ব বলেন, আমি তাকে জিজ্ঞেস করলাম, আপনি (জুমু'আহর) আযান শুনলেই আস'আদ ইবনু যুরারাহর জন্য রহমতের দু'আ করেন কেন? তিনি বললেন, কারণ তিনিই সর্বপ্রথম 'নাকীউল খাদামাত' এর বনূ বায়াদার মালিকানাধীন হাররার 'হাযম আন-নবীত' নামক স্থানে আমাদেরকে নিয়ে জুমু'আহর সালাত আদায় করেছেন। তখন আমি জিজ্ঞেস করলাম, তখন আপনারা সংখ্যায় কতজন ছিলেন? তিনি বললেন, চল্লিশজন।[1]

হাসান।

English



Narrated Ka'b ibn Malik:

AbdurRahman ibn Ka'b ibn Malik said: When Ka'b ibn Malik heard the call to prayer on Friday, he prayed for As'ad ibn Zurarah. I asked him: What is the matter that when you hear the call to prayer, you pray for As'ad ibn Zurarah? He replied: This is because he held the Friday prayer for the first time for us at Hazm an-Nabit of Harrah belonging to Banu Bayadah in Naqi', called Naqi' al-Khadumat. I asked him: How many were you at that time? He said: Forty.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ জুমু'আহর সালাত ফার্য হওয়া প্রসঙ্গে, হাঃ ১০৮২), ইবনু খুযাইমাহ (হাঃ ১৭২৪) ইবনু ইসহাক হতে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন